মিতু মল্লিক নামে এক সেবাগ্রহীতা জানান, তিনি দীর্ঘদিন ধরে প্রবাসে থাকেন। বাড়িতে ফিরে জমির কিছু কাজ নিয়ে ভূমি অফিসে আসেন। প্রবাসী হওয়ার সুবাদে সরকারি নীতিমালা অনুযায়ী নির্ধারিত নয়দিনের মধ্যে তার কাজটি সম্পন্ন করে দিয়েছেন বর্তমান ভূমি কর্মকর্তা। এতে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, সব ভূমি অফিসে এমন দায়িত্বশীল কর্মকর্তা থাকলে জনভোগান্তি যাদুঘরে যাবে।

কায়-নেজারত শাখা-০৫ ৪৪ ৪১০০ ০০৭ ০১ ০২৭.১৫, তাং-০১-০৬-২০১৫-১০০ বই

যশোর সদর উপজেলা ভূমি অফিসে ইতিবাচক পরিবর্তন

আপডেট: 06:47:30 19/11/2017



স্টাফ রিপোর্টার : যশোর সদর উপজেলা ভূমি অফিসের চিরাচরিত চিত্র পাল্টানোর উদ্যোগ নিয়েছেন নতুন ভূমি কর্মকর্তা।

অনিয়ম, দুর্নীতিরোধে ভূমি অফিস থেকে ইতিমধ্যে নির্বাসনে পাঠানো হয়েছে নামজারির আবেদন প্রক্রিয়া। এখন থেকে ইউনিয়ন ও পৌর তথ্য সেবা কেন্দ্র থেকে করতে হবে আবেদন এবং ওই কেন্দ্র থেকেই পাওয়া যাবে পরচা ও ডিসিআর কপি। একইসঙ্গে সব ইউনিয়ন তহশিল অফিসে বসানো হচ্ছে অভিযোগ বাক্স। আর কোনো অভিযোগ পেলেই দ্রুত তদন্ত শেষে নেওয়া হবে ব্যবস্থা। নতুন ভূমি কর্মকর্তার এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন সেবাগ্রহিতারা।

যশোর সদর উপজেলা ভূমি অফিস সাধারণ মানুষের কাছে হয়রানি, ভোগান্তি ও অনিয়মের এক নাম। যেখানে কোনো কাজ করতে হলেই গুণতে হয় টাকা। আবেদন করা থেকে কয়েক ধাপে টাকা নেওয়া হয় সেবাগ্রহিতাদের কাছ থেকে। বিশেষ করে নামপত্তন বা নামজারির আবেদনকে পুঁজি করে দীর্ঘদিন ধরে চলে আসছিল অনিয়ম ও দুর্নীতি।

সেবা গ্রহিতাদের তথ্য মতে, কোনো কাজে গেলেই দায়িত্বরতরা আজ কাল করে দিনের পর দিন ঘোরাতেন। একপর্যায়ে সেবাগ্রহিতাই নিজে থেকে কিছু উৎকোচ দেওয়ার প্রস্তাব দিলে ঝড়ের বেগে শুরু হতো কাজ। সেইসঙ্গে ছিল দায়িত্বরত কর্মকর্তাদের অফিসে লাগামহীন অনুপস্থিতি ও কাজ না করার মানসিকতা। এতে করে নির্ধারিত সময়ে কাজটি সম্পন্ন করে নিতে পারতেন না তারা।

ভূমি অফিসের চিরচারিত এ চিত্র ভাবমূর্তি নষ্ট করছে বলে মনে করেন সদ্য যোগদান করা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান। গত ১৯ নভেম্বর যোগদানের পরের দিনই ভূমি বিষয়ক প্রশিক্ষণে ঢাকায় চলে যান এ কর্মকর্তা। প্রশিক্ষণ শেষে গত ৫ নভেম্বর তিনি অফিস শুরু করেছেন। শুরুতেই অফিসের ভাবমূর্তি রক্ষায় হাত দিয়েছেন তিনি। প্রথমেই সরকারি নির্দেশনায় ভূমি অফিস থেকে নির্বাসনে পাঠিয়েছেন নামজারির আবেদন প্রক্রিয়া।

সহকারী ভূমি কমিশনার সৈয়দ জাকির হোসেন বলেন, 'নামপত্তন বা নামজারি নিয়ে নানা অভিযোগ রয়েছে। এ কারণে আবেদন প্রক্রিয়ার সাথে ভূমি অফিসের কর্মচারীদের সম্পর্কে ছেদ টানা হয়েছে। এখন থেকে ইউনিয়ন ও পৌর তথ্য সেবা কেন্দ্র অনলাইনে এ আবেদন প্রক্রিয়াটি সম্পন্ন করবে। এরপর ভূমি অফিস যাবতীয় কাজ শেষ করে পরচা ও ডিসিআরের কপি ওই কেন্দ্রে পাঠিয়ে দেবে এবং সেবা গ্রহিতা তা গ্রহণ করবে। এজন্য সরকার নির্ধারিত ফি এক হাজার ১৫০ টাকার সাথে সেবাকেন্দ্রকে সার্ভিস চার্জ হিসেবে ২৫০ টাকা প্রদান করতে হবে। স্বচ্ছতার স্বার্থে এখন থেকে সেবাগ্রহিতা সরকারি ফি এক হাজার ১৫০ টাকা নিজেই ব্যাংকে জমা দিতে পারবেন।'

তিনি আরো বলেন, 'আমার অফিসে বা তহশিল অফিসে সেবাগ্রহিতাদের দৌঁড়ঝাপ করতে হবে না। আমাদের কাজ আমরা নিয়মানুযায়ী করে দেবো। ইতিমধ্যে ভূমি অফিস থেকে আবেদন ফেরত দিয়ে সেবাগ্রহিতাদের ইউনিয়ন ও পৌর তথ্য সেবা কেন্দ্রে যেতে অনুরোধ জানানো হচ্ছে।'

'এখানেই শেষ নয়, সদর উপজেলা ভূমি অফিসকে জনবান্ধব করতে এ অফিসসহ ১৩টি ইউনিয়ন তহশিল অফিসেই বসানো হচ্ছে অভিযোগ বাক্স। সেইসাথে টাঙানো হবে ১৩টি ফেস্টুন। যেখানে সচেতনতামূলক তথ্য ও মোবাইলে অভিযোগ দেওয়ার তথ্য তুলে ধরা হবে।'

অফিস সূত্র জানায়, অভিযোগ বাক্স বা ০১৭৭৭৩৪০৮১৬ নম্বরে অভিযোগ করলেই দ্রুত তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। ইতিমধ্যে দুটি অভিযোগের ভিত্তিতে ব্যবস্থাও নেওয়া হয়েছে।

সহকারী কমিশনার বলেন, 'দায়িত্ব নেওয়ার সময় দুই হাজারের অধিক পেন্ডিং ফাইল পেয়েছি। ৫ নভেম্বর কাজ শুরু করে ইতিমধ্যে এক হাজার ফাইলের প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা হয়েছে। আগামী ৩০ নভেম্বরের মধ্যে বাকি কাজ শেষ করতে পারবো।'

এরপর আর ফাইল জমবে না বলে আশা প্রকাশ করেন তিনি। আর জট না থাকলে ভোগান্তিও থাকবে না বলে মনে করছেন এই কর্মকর্তা।

সৈয়দ জাকির হাসান বলেন, 'সদর উপজেলা ভূমি অফিসের অবকাঠামোগত কিছু পরিবর্তনও আনা হবে। পুরনো জরাজীর্ণ ভবন ও কিছু গাছ নিলামের প্রক্রিয়া করা হয়েছে। শিগগির দরপত্র আহ্বান করা হবে। সেই সাথে নির্মাণ করা হবে নিরাপত্তা দেয়াল।'

তিনি জানান, সদর উপজেলা ভূমি অফিসকে জনবান্ধব করতে সব ধরনের উদ্যোগ নেওয়া হবে। এজন্য তিনি সবার সহায়তা কামনা করেন।

এদিকে নতুন ভূমি কর্মকর্তার এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন সেবাগ্রহিতারা। রাজিয়া বেগম নামে একজন বলেন, 'নতুন এ কর্মকর্তা আসার তিন মাস আগে আবেদন করেছিলাম। কিছু ভুল হওয়ায় ফের আবেদন করি। এখনো নামজারির কাগজপত্র পাইনি। তবে আজ শুনলাম নামজারির আবেদন পৌরসভায় করলে সময়মতো কাগজপত্র পাওয়া যাবে। সেটা হলে ভোগান্তি কমে।'

সালাম হোসেন নামে অপর একজন জানান, আগের অফিসারের কক্ষে যাওয়া যেত না। বর্তমান অফিসারের কাছে গিয়ে সমস্যা জানালে তিনি সহায়তা করেন। অনেক সময় নানা সমস্যায় জর্জরিতদের কাজ দ্রুততার সঙ্গে করেও দেন।

হিতু মল্লিক নামে এক সেবাগ্রহিতা জানান, তিনি দীর্ঘদিন ধরে প্রবাসে থাকেন। বাড়িতে ফিরে জমির কিছু কাজ নিয়ে ভূমি অফিসে আসেন। প্রবাসী হওয়ার সুবাদে সরকারি নীতিমালা অনুযায়ী নির্ধারিত নয়দিনের মধ্যে তার কাজটি সম্পন্ন করে দিয়েছেন বর্তমান ভূমি কর্মকর্তা। এতে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, 'সব ভূমি অফিসে এমন দায়িত্বশীল কর্মকর্তা থাকলে জনভোগান্তি জাদুঘরে যাবে।'

তিনি আরো বলেন, 'এ অফিসে সেবাগ্রহিতাদের বসা বা পানি পানের সমস্যা রয়েছে। বিষয়টি উপলব্ধি করে আমি একটি পানির জার অনুদান দেওয়ার প্রস্তাব দিয়েছিলাম। ভূমি কর্মকর্তা আমার প্রস্তাবটি গ্রহণ করেছেন এবং সেটি সেবাগ্রহিতাদের জন্য চালু করায় ধন্যবাদ জানাচ্ছি।'

সব পাঠকের প্রিয় দৈনিক

গ্রামের কাগজ

The Daily Gramer Kag

৮ পৃষ্ঠা ৪ টাকা ▫ www.gramerkagoj.com ▫ www.egramerkagoj.com দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একমাত্র ৮ পৃষ্ঠার দৈ

বুধবার যশোর সদর উপজেলার আরবপুর ইউনিয়নের মণ্ডলগাতি গ্রামের মুক্তেশ্বরী নদীর অবৈধ পাটা উচ্ছেদ অভিযান পরিচালনা করে জেলা প্রশাসন

ছবি : এম.এ মানিক

দখলমুক্ত হলো মুক্তেশ্বরী

নদী পাড়ের মানুষের মধ্যে উৎসবের আমেজ

কাগজ সংবাদ ॥ অবশেষে দখলমুক্ত হলো যশোর সদর উপজেলার আরবপুর ইউনিয়নের মুক্তেশ্বরী নদী। নদীর দু'পাড়ের হাজারো মানুষের দীর্ঘদিনের দাবি পূরণে প্রশংসনীয় উদ্যোগ নিয়েছে জেলা প্রশাসন। বুধবার সকাল দশটা থেকে বিকেল পর্যন্ত নদীর বুকে পাঁচটি স্থানে থাকা পাটা উচ্ছেদ করেই কর্মকর্তারা। তারা একইসাথে মুক্তেশ্বরী নদীকে উন্মুক্ত ঘোষণা করেন। পাটা উচ্ছেদ অভিযানে নেতৃত্ব দেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান।

সকাল দশটায় আরবপুর ইউনিয়ন পরিষদ মোড়ের খেয়াঘাট থেকে পাটা উচ্ছেদ অভিযান শুরু হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মৎস্য ও পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের উপস্থিতিতে খেয়াঘাট ব্রিজের পশ্চিম পাশ থেকে এ উচ্ছেদ শুরু হলে এলাকাবাসী তাতে অংশগ্রহণ করে। দ্বিতীয় দফায় পাটা উচ্ছেদ করা হয় মণ্ডলগাতি গ্রামের অংশ থেকে। ম-লগাতি- বিপতেঙ্গালী গ্রামের মধ্যকার বৃহৎ এ পাটা উচ্ছেদের সময় দু'পাড়ে উৎসুক জনতার ভিড় জমে যায়। এখানেও উচ্ছেদ কর্মী আর এলাকাবাসীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অল্প সময়ের মধ্যেই অপসারিত হয় দখলের নিশানা অবৈধ পাটা। এরপর উচ্ছেদ অভিযান চলে নদীর উজান বালিয়া ভেকুটিয়া অংশে। এখানে বালিয়া ভেকুটিয়া বাজার, শ্মশানপাড়া এবং বাঁশবাড়ীয়া শেষ অংশে পাটা উচ্ছেদ অভিযান চালানো হয়। পাটার সাথেই সেখান থেকে অপসারণ করা হয় ব্যক্তি মালিকানায় তৈরি করা হয় সীমানাও। দু'জায়গায় উচ্ছেদ করা পাটা আগুন লাগিয়ে পুড়িয়ে

(২-এর পৃঃ ৪-এর কলামে)

দখলমুক্ত হলো মুক্তেশ্বরী

দেয় প্রশাসন।

মুক্তেশ্বরী নদীতে অবৈধ পাটা উচ্ছেদ সম্পর্কে যশোর পানি উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী তরুণ হুসাইন বলেন, অবৈধ দখলদাররা মোট পাঁচটি অংশে পাটা দিয়ে মাছ চাষ করে আসছিল। ফলে, নদীর স্বাভাবিক প্রবাহ বন্ধের পাশাপাশি এলাকাবাসীরও ক্ষতি হচ্ছিল। আজ অবৈধ দখলদারদের উচ্ছেদ করে নদী অবমুক্ত করা হয়েছে।

সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা বিশ্বজিৎ কুমার দেব বলেন, মুক্তেশ্বরী নদী একটি উন্মুক্ত ও প্রবাহমান জলাশয়। নদীর মুক্ত প্রবাহে প্রতিবন্ধকতা সৃষ্টি মৎস্য আইনের পরিপন্থী। পাটা উচ্ছেদ করে নদী দখলমুক্ত করে উন্মুক্ত করা হয়েছে। মৎস্য চাষ ও মৎস্যজীবীদের কল্যাণে নদীর ব্যবহারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হচ্ছে।

উচ্ছেদ অভিযান বিষয়ে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান বলেন, দীর্ঘদিন ধরেই মুক্তেশ্বরী নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রস্তাব তৈরির কাজ চলছিল। এরই মধ্যে পাটা দেয়ার বিষয়ে গত কয়েকমাস ধরেই এলাকাবাসীর ধারাবাহিক অভিযোগ আসছিল। বিষয়টি সরেজমিনে তদন্ত করে নিশ্চিত হয়ে তাতক্ষণিকভাবে সদর উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করি। দু'জনই অচিরেই এই পাটা অপসারণের করার নির্দেশ দেন। তাদের নির্দেশনায় অভিযান পরিচালনা করা হয়েছে।

অভিযানের সময় এলাকাবাসী ইজারা দেয়া হয়েছে কিনা জানতে চাইলে সৈয়দ জাকির হাসান বলেন, মুক্তেশ্বরী নদী অবশ্যই উন্মুক্ত। কোনো লিজ কার্যক্রম চলমান নেই। বর্তমানে এখানে মাছের অবাধ বিচরণ থাকবে। জনসাধারণ অবাধে মাছ ধরতে পারবে। কেউ বাধা প্রদান করলে প্রশাসনকে অবহিত করার পরামর্শ দেন তিনি। অবৈধ পাটা উচ্ছেদের পর এলাকায় উৎসবের আমেজ বিরাজ করছে। উচ্ছেদ অভিযানের জন্যে তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন।

জেপ্রকায-নেজারত শাখা-০৫,৪৪,৪১০০,০০৭,০২,০২৭,১৫, তাং-০১-০৬-২০১৫-১০০ বই।

The Daily Gramer Kagoj

বৃহস্পতিবার

☐ ৮ আগস্ট ২০১৯ ইংরেজি
☐ ২৪ শ্রাবণ ১৪২৬ বাংলা
☐ ৬ জিলহজ ১৪৪০ হিজরী
☐ রেজিঃ নং কেএন ৩৯৬ ☐ যশোর
☐ ২১ তম বর্ষ ☐ ১২৫ সংখ্যা

মডেল হতে পারে যশোরের ভূমি বিষয়ক ই-সার্ভিস সেন্টার

কাগজ সংবাদ ॥ মা আর মাটি দেশেরই প্রতিশব্দ। মাটির সাথে যাদের সখ্যতা তাদের মাটির মানুষ মনে করলেও দেশের নাগরিকদের সবচেয়ে বেশি ভোগান্তি পোহাতে হতো মাটি বা ভূমি বিষয়ক সেবা প্রাপ্তির ক্ষেত্রে। এক সময় ভূমি অফিস মানেই ছিল নাগরিক ভোগান্তির এক যন্ত্রণার নাম। নাগরিক সমস্যাকে পুঁজি করে গড়ে উঠে এক শ্রেণির টাউট আর দালাল চক্র। অফিসের কিছু অসাধু কর্মকর্তা কর্মচারীর যোগসাজশে টাউট দালালদের দখলেই থাকতো ভূমি সেবা। ডিজিটাল বাংলাদেশ মানেই রূপান্তরেই গল্প। সরকারের নানা উদ্ভাবনী উদ্যোগ আর ডিজিটাল সেবা প্রদান পদ্ধতি গ্রহণের ফলে বদলে যেতে থাকে সেবা প্রদানের চিরাচরিত দৃশ্য। সরকারের পৃষ্ঠপোষকতায় সম্প্রসারণ হতে থাকে উদ্ভাবনী কর্মকা-। স্থানীয় পর্যায়ে এসব উদ্ভাবনী উদ্যোগের কারণে সহজ থেকে সহজতর হচ্ছে সেবা প্রদান। তেমনি একটি উদ্ভাবনী উদ্যোগ যশোর সদর উপজেলা ভূমি বিষয়ক ই-সার্ভিস সেন্টার। প্রতিদিন গড়ে ৫০ থেকে ৬০ জন সেবা গ্রহণ করছেন এই সেন্টার থেকে। অনলাইন মিউটেশন আবেদন, অর্ডার শিট, মিসকেস,

(২-এর পৃঃ ৬-এর কলামে)

মডেল হতে পারে

কোর্ট ফি, নথি অনুসন্ধান, ফরম, ফরম পূরণ, ফটোকপিসহ এক ছাতার তলে সব ভূমিসেবা আর তথ্য পেয়ে খুশি সেবাগ্রহীতারা। সরকারের পাবলিক প্রাইভেট পার্টনারশিপ সফল মডেলে গড়ে ওঠা এই সার্ভিস সেন্টার বন্ধ করে দিয়েছে দীর্ঘদিন ধরে চলে আসা উমেদারী প্রথা। উমেদারীর বদলে ই-সার্ভিস সেন্টারে তৈরি হচ্ছে উদ্যোক্তা। চলতি বছরের মে মাস থেকে চালু হওয়া ই-সার্ভিস সেন্টারের উদ্ভাবনী এ উদ্যোগটি সর্বমহলে প্রশংসিত হচ্ছে।

সেবা নিতে আসা যশোর শহরের শংকরপুর এলাকার রেজাউল করিম জানান,এক সময় ভূমি অফিসে আগত গ্রহীতাদের সবচেয়ে বেশি হয়রানির শিকার হতেন কোন সেবা কোথায় পাওয়া যাবে বা সেবা পেতে কার কাছে যেতে হবে এটা জানতে গিয়ে। ব্যস্ততার বাহানায় কিছু অসৎ কর্মকর্তা কর্মচারী তাদেরকে অগ্রাহ্য করতেন। যদিও দ্বারে দ্বারে ঘুরে সঠিক জায়গায় পৌছাতেন তখন তাদের জন্যে বিড়ম্বনা ছিল সেবামূল্য না জানা। অজ্ঞতার অজুহাতে যে যেভাবে পারতো বাড়তি অর্থ হাতিয়ে নিতেন। এসব প্রচলিত গল্প এখন অতীত প্রায়। ডিজিটাল সেবা প্রদান পদ্ধতির কারণে বন্ধ হয়ে গেছে লাল ফিতার দৌরাত্ম্য।

সদর উপজেলার নরেন্দ্রপুর ইউনিয়নের রোকেয়া বেগম বলেন, এখন সেবা নিতে এসে সেবার সাথে ভালো ব্যবহার পাচ্ছি এটা অনেক আনন্দের। সেবা নিতে আগত সদর উপজেলার ভেকুটিয়া গ্রামের মোস্তাফিজুর রহমান, পুলিশ লাইন এলাকার মোকসেদুর রহমান, প্রভাত কুমারসহ উপস্থিত সকলের কণ্ঠে প্রতিধ্বনিত হয় একই শব্দ।

সদর উপজেলা ভূমি অফিসের ভূমি বিষয়ক ই-সার্ভিস সেন্টারের উদ্যোক্তা আমিন মাহমুদ বাবু বলেন, এই সেন্টার থেকে আমরা ভূমি বিষয়ক সব ধরনের সেবা ও তথ্য দিচ্ছি। এখান থেকে অনলাইনে মিউটেশনের আবেদন করতে ২শ' টাকা, অর্ডার শিট ফি ৪৫ টাকা, মিসকেস ফি ২৫, কোর্ট ফি ২০ টাকা, ফটোকপি প্রতিপৃষ্ঠা ১.৫০ টাকা হারে সেবামূল্য নিচ্ছি। এক সময় নিজের কাজের নিশ্চয়তা ছিল না; কিন্তু এখন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসানের সময়োপযোগী সিদ্ধান্তে আমার সাথে মেহেদী হাসান, কামরুল হাসান, আসাদুজ্জামান নয়ন ও নাসিম রেজাসহ মোট পাঁচজনের আত্মকর্মসংস্থানের ক্ষেত্র তৈরি হয়েছে। প্রতিদিন গড়ে ৫০ থেকে ৬০ জন সেবা গ্রহণ করছেন আমাদের সেন্টার থেকে। দ্রুত সেবা প্রদান নিশ্চিতের সাথে সাথে নিশ্চিত হয়েছে আমাদের কর্মসংস্থান।

সম্প্রতি যশোর সদর উপজেলার শতভাগ অনলাইন ই-মিউটেশন কার্যক্রম সরেজমিন পরিদর্শনে আসেন ভূমি মন্ত্রণালয়ের উপসচিব মো.আসাদুজ্জামান। এ সময় তিনি সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) অফিসের ভূমি বিষয়ক ই-সার্ভিস সেন্টারের কার্যক্রম পর্যবেক্ষণ করেন। এ বিষয়ে জানতে চাইলে উপসচিব আসাদুজ্জামান বলেন, ডিজিটালি সেবা প্রদানের নানা উদ্যোগ গ্রহণের ফলে নাগরিক কম খরচে, কম সময়ে,হয়রানিমুক্ত সেবা পাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের ই-মিউটেশন পদ্ধতি চালু করার পর থেকেই বদলে গেছে ভূমি সেবার চিত্র। আগে প্রায়শ নথি খুঁজে পাওয়া যাচ্ছে না অজুহাতে সেবাগ্রহীতাকে দিনের পর দিন ঘোরাতো কিছু অসাধু কর্মচারী। ই-মিউটেশনের ফলে বন্ধ হয়ে গেছে মিসিং ফাইল অজুহাত। এখন ইলেকট্রিক্যাল আবেদনের কারণে আবেদন নম্বর দিয়ে সহজেই খুঁজে বের করা যায় নথির সর্বশেষ অবস্থা। কেন্দ্রীয় পর্যবেক্ষণ পদ্ধতির কারণে এখন আর সুযোগ নেই সেবা বিলম্বিত করার। এর সাথে ভূমিকর হিসেব সহজতর করার প্রক্রিয়া চলমান আছে। অচিরেই এ সেবাটিও নাগরিকের হাতের মুঠোয় চলে যাবে। এর ফলে না বোঝার কারণে জনসাধারণের কাছ থেকে ভূমি করের নামে বাড়তি টাকা আদায়ের অনৈতিক কর্মকা- বন্ধ হয়ে যাবে।

ভূমি বিষয়ক ই-সার্ভিস সেন্টারের কার্যক্রম সর্ম্পকে তিনি বলেন, স্থানীয় পর্যায়ে গৃহীত শুভ উদ্যোগটি সাধুবাদযোগ্য। টেকসই পরিকল্পনার মাধ্যমে এ ধরনের উদ্যোগ সবখানে ছড়িয়ে দিলে নাগরিক সেবা সহজতর হবে।

দেশের প্রথম ডিজিটাল জেলা যশোর বরাবরই ডিজিটাল কর্মকা-ের সূতিকাগার। দেশের প্রথম ভূমিসেবা বিষয়ক ই-সার্ভিস সেন্টারটির কার্যক্রম ছড়িয়ে পড়বে দেশের সব ভূমি অফিসে এমনটাই প্রত্যাশা সুধিজনের।

মাটির গন্ধে উদ্যোক্তা হয়ে ওঠার গল্প,টাউট বাটপারের মাথায় হাত পড়ার মতো। যুগে যুগে মাটির মানুষগুলোকে ঠকিয়ে যারা নিজের পেট মোটা করছিল তারা আজ নিজেরাই দিশেহারা হয়ে ডিজিটাল বাংলাদেশের স্বপ্নকে বাস্তবে মেনে নিতে বাধ্য হচ্ছে। আজ শুধুমাত্র পাঁচজন বদলে দিল যশোর সদর উপজেলা ভূমি অফিসের দালাল দৌরাত্ম্য। আগে নামপত্তন আবেদন তৈরি হতো দালাল মারফত। যেমন ধরুন কেউ আবেদন করতে আসলে বলা হতো 'ভাই আগে শুনি দূরত্ব কত তারপর না আবেদন।' অর্থাৎ দূরত্ব বুঝে ডি সি আর বাদে অর্থ লেনদেন। বর্তমান অবস্থা দূরত্ব যতই হোক আবেদন অনলাইনে একদম সোজা। উদ্যোমী তরুণ পাঁচজন সহকারী কমিশনার (ভূমি),যশোর এর কাছ থেকে আবেদন প্রক্রিয়া শিখে নিয়ে সাধারণ মানুষের দূরত্ব,সময়, শ্রম ও অর্থ কমিয়ে ই-নামজারী জনপ্রিয় করে তুলল। আজ মাত্র ২৮ দিনে নামপত্তন, তিনদিনে অর্ডারশিট, সাতদিনে মিসকেসসহ কোর্টফি,ফটোকপি ইত্যাদি সংক্রান্ত জটিলতা মাত্র ৫০ থেকে দুশ' টাকার মধ্যেই মাত্র পাঁচ মিনিটেই সমাধান হচ্ছে। এখন ভূমি অফিস আর দূর্ভোগের জায়গা নয়, যেমন সহযোগী মনোভাবাপন্ন সহকারী কমিশনার (ভূমি) তেমনি তারুণ্যের উদ্যমী চেতনা সবকিছু মিলে সত্যিই অনেক কিছুর প্রথম ডিজিটাল যশোর ভূমি সেবায়ও এগিয়ে যাচ্ছে তার নিজস্ব ডিজিটাল গতিতে।

১৯ মহররম ১৪৪১
রেজিঃ নং-কেএন ৪৫৫
১৩তম বর্ষ, সংখ্যা ২৬৯

স্পন্দন : বুধবার সাতক্ষীরায় শুরু হয়েছে ঐতিহ্যবাহী গুড়পুকুর মেলা। এই মেলায় হিন্দু নরনারীরা সেই বটতলায় পূজা অর্চনা করতে ব্যস্ত

ই-নামজারি চালু : বদলে গেছে যশোর সদর ভূমি অফিস

নিজস্ব প্রতিবেদক

জমি কেনার পর নামপত্তন নিয়ে মানুষের ভোগান্তির শেষ ছিল না এতো দিন। ভূমি অফিসে গিয়ে ঘুষ দিয়ে তারপর নামপত্তন করতে হতো। মানুষের ভোগান্তিও ছিল চরমে। কিন্তু সেই দিন আর নেই। যশোর সদর ভূমি অফিসে ই-নামজারি চালু হওয়ায় মানুষের ভোগান্তি কমে গেছে। ঘরে বসেই সবকিছু জানতে পারছে এসএমএস-এর মাধ্যমে। ডিজিটাল যুগের সুবিধা পেতে শুরু করেছে মানুষ। যশোর সদর উপজেলার ভেকুটিয়া গ্রামের সফিয়ার রহমান। ছয় বছর আগে ৩১ শতক জমি কিনেছিলেন। সেই জমির নামপত্তন ছিল না। আরবপুর ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রে গিয়ে তিনি জানতে পারেন অনলাইনে নামপত্তনের আবেদন করা যায়। নির্ধারিত ফি জমা দিয়ে অনলাইনে আবেদন করেন তিনি। এরপর চারধাপে মোবাইল

১৯ মাসে নিষ্পত্তি ১৮ হাজার ২৯১ আবেদন

(২ পৃঃ ৭-এর কঃ দেখুন)

ই-নামজারি চালু : বদলে গেছে

ফোনে ম্যাসেজের (এসএমএস) মাধ্যমে জানতে পারেন কাজের অগ্রগতি। সর্বশেষ এসএমএস পেয়ে উপজেলা ভূমি অফিস থেকে গ্রহণ করেন নামপত্তনের কাগজ। সরকার নির্ধারিত ফি'র বাইরে একটি টাকাও দিতে হয়নি। ঘুষ, দুর্নীতি ও দালালের হয়রানি ছাড়াই ২৮ কর্মদিবসের মধ্যেই কাজ সম্পন্ন হওয়ায় খুশি সফিয়ার রহমান। তার মতো আরেকজন সেবাগ্রহিতা সদর উপজেলার দুর্গাপুর গ্রামের কামাল হোসেন। ক্রয়সূত্রে ১৪ শতক জমির

য় ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক নেত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন

ছেন কৈলাশ

সুরে সুরে শান্তির বার্তা পৌঁছে দিতে বিশ্ব শান্তি দিবসে এ বিশেষ কনসার্টের আয়োজন করা হচ্ছে।'

গানবাংলা টেলিভিশনের চেয়ারম্যান ফারজানা মুন্নি জানান, আসন সংখ্যা সীমিত হওয়ায় কনসার্টটি সকলের জন্য উন্মুক্ত নয়। কেবলমাত্র আমন্ত্রিত বিশেষ অতিথিরাই এটি উপভোগ করতে পারবেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করবেন ভারতীয় উপস্থাপিকা শিনা চৌহান।

দেশি-বিদেশী মিউজিশিয়ানদের সমন্বিত অংশগ্রহণে 'উইন্ড অব চেঞ্জ'-এর মাধ্যমে দেশিয় সংগীতকে অন্যমাত্রায় নিতে চেয়েছে গান বাংলা টেলিভিশন'। গানের মাধ্যমে শান্তি অন্বেষণের জন্যই 'মিউজিক ফর পিস' শ্লোগানের স্বপক্ষে দাঁড়িয়েছেন তারা।

গানবাংলা টিভির এমন উদ্যোগের স্বীকৃতিস্বরূপ প্রতিষ্ঠানটির দুই কর্ণধার তাপস ও মুন্নি সম্প্রতি অর্জন করেছেন 'মাদার তেরেসা আন্তর্জাতিক পুরস্কার-২০১৮' ও ভারতের অত্যন্ত মর্যাদাপূর্ণ সম্মাননা 'দাদা সাহেব ফালকে এক্সেলেন্সি অ্যাওয়ার্ড ২০১৮।

ঠে একঝাঁক

ছিলেন, খোরশেদ আলম, রবিউল ইসলাম। আগামী রোববার ২য় সেমিফাইনালের জন্য লড়াই করবে বাগেরহাট ও চুয়াডাঙ্গা ফুটবল একাদশ।

ঢাকায় আসছেন রানু মন্ডল

এ তথ্য জানিয়েছে।

খবরে বলা হয়েছে, বাংলাদেশের ছবিতে গান গাইতে চলেছেন এ লতাকণ্ঠী গায়িকা। সে জন্য তিনি পাসপোর্টও করতে দিয়েছেন। কলকাতার রুবির মোড়ে অবস্থিত পাসপোর্ট অফিসে দেখা গেছে তাকে। সেখান থেকে জানা যায় তিনি

টাকা দিতে হয়নি। মোবাইলে এসএমএস'র মাধ্যমেই কাজের অগ্রগতি জেনেছি। দ্রুত কাজ হওয়ায় ভোগান্তি কমেছে। ডিজিটাল পদ্ধতিতে নামজারি হওয়ায় দুর্নীতি কমেছে। ভেকুটিয়া গ্রামের বদর উদ্দিন বলেন, বর্তমান এসিল্যান্ড জাকির হাসান স্যারের চেষ্টায় দুর্নীতিমুক্ত হয়েছে ভূমি অফিস। ভোগান্তি ছাড়াই সহজে মিলছে সেবা। আরবপুর ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রের উদ্যোক্তা এসএম আরিফুজ্জামান বলেন, গ্রামে বসে ডিজিটাল

ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রে গিয়ে আবেদন করেন। তিনিও ভোগান্তি ছাড়াই সহজেই সেবা পেয়েছেন। শুধু সফিয়ার রহমান কিংবা কামাল হোসেন নয়, ১৯ মাসে যশোর সদর উপজেলায় অনলাইনে নামজারির সেবা পেয়েছেন ১৮ হাজার ২৯১ জন। ডিজিটাল ভূমি ব্যবস্থাপনায় বিপ্লব এনেছে ই-নামজারি পদ্ধতি। জেলার মডেল সদর উপজেলার ই-নামজারি কার্যক্রম সফল হওয়ায় চলতি বছরের জুলাই মাসে বাকি সাত উপজেলায় চালু করা হয়েছে।

যশোর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান জানান, ২০১৭ সালের নবেম্বর মাসে এই উপজেলায় অনলাইনে নামজারির আবেদন গ্রহণ ও নিষ্পত্তি কার্যক্রম ই-নামজারি চালু হয়। গত ১৯ মাসে এ উপজেলায় ই-নামজারির আবেদন জমা পড়েছে ১৯ হাজার ৮১৮টি। এরমধ্যে নিষ্পত্তি হয়েছে ১৮ হাজার ২৯১টি আবেদন। ২০১৭ সালের নভেম্বর থেকে ২০১৮ সালের জুন মাস পর্যন্ত আবেদন পড়েছিল ৮ হাজার ৫৭২টি। এরমধ্যে নিষ্পত্তি হয়েছে ৭ হাজার ৮০৩টি। ২০১৮ সালের জুলাই মাস থেকে ২০১৯ সালের জুন পর্যন্ত ১১ হাজার ২৪৬টি আবেদন জমা পড়ে। নিষ্পত্তি হয়েছে ১০ হাজার ৪৮৮টি আবেদন। অর্থাৎ প্রত্যেক মাসে গড়ে এক হাজারের বেশি আবেদন পড়েছে। অনলাইনে আবেদন নেয়ায় মানুষের ভোগান্তির লাঘব হয়েছে।

জানা যায়, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক পরিচালিত ই-মিউটেশন (নামপত্তন) সেবা চালু করা হয়। ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রে গিয়ে নির্ধারিত দুইশ টাকা দিয়ে অনলাইনে আবেদন করতে হয়। এরপর সেই অনলাইন আবেদন ও নথিপত্র চলে যায় ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদনের জন্য। ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদন হয়ে সহকারী কমিশনারের (ভূমি) কাছে চলে যায় শুনানির জন্য। শুনানি শেষে সরকার নির্ধারিত এক হাজার ১৫০ টাকা ব্যাংকে জমা দিতে হয়। প্রত্যেকটি ধাপেই সেবাগ্রহিতাকে টেলিটকের ১৬৩৪৫ নম্বর থেকে এসএমএস দেয়া হয়। শেষ ধাপে ই-নামজারির তথ্য নিশ্চিত করা হয়। সর্বোচ্চ ২৮ কার্যদিবসের মধ্যেই আবেদন নিষ্পত্তি হয়। এসএমএস পেয়ে আবেদনকারী উপজেলা ভূমি

সেন্টার থেকে ভূমি সেবা পাচ্ছেন সাধারণ নাগরিক। ভূমি অফিসে গেলে অচেনা লোকের কাছে সেবা নিতে হয়রানি হতে হতো। আমরা গ্রামবাসীর পরিচিতজন। আমাদের সেবামূল্য নির্ধারিত। সে কারণে বাড়তি টাকা গচ্চা দিতে হয় না। প্রতিটি অনলাইন আবেদন দ্রুততম সময়ের মধ্যে দাখিল করে দেয়া হয়- যে কারণে তাদের অর্থের সাথে সময়ও বেঁচে যাচ্ছে।

নওয়াপাড়া ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রের উদ্যোক্তা সেলিম রেজা জানান, ই-নামজারি চালু হওয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। সদর উপজেলা ভূমি অফিসের ভূমি-বিষয়ক ই-সার্ভিস সেন্টারের উদ্যোক্তা আমিন মাহমুদ বাবু বলেন, আগে সেবা নিতে আসা মানুষ দালালের খপ্পরে পড়ত। এখন সেই সুযোগ নেই। সেবাগ্রহিতার ভোগান্তি কমেছে। অর্থ ও সময়ও সাশ্রয় হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শফিকুল ইসলাম বলেন, ই-নামজারি চালু করায় হাতের নাগালে ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্র থেকে সহজেই সাধারণ মানুষ আবেদন করছে। ভোগান্তি ছাড়াই পাচ্ছে সেবা। এতে দুর্নীতিমুক্ত হয়েছে ভূমি অফিস। সদর উপজেলায় এই কার্যক্রম সফল হওয়ায় জেলার অন্য উপজেলাগুলোতেও চালু করা হয়েছে। সাধারণ মানুষের ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।

জেপ্রকাশ-নেজারত শাখা-০৫,৪৪,৪১০০,০০৭,০২,০২৭,১৫,

গ্রামের কাগজ
(যশোরের প্রথম রঙিন পত্রিকা)
The Daily Gramer Kagoj

দক্ষিণ-পশ্চিমাঞ্চল

সকল পাতা

তীরে ভিড়লো জান্নাতের স্বপ্নতরী

এস.এম আরিফ :
Published : Friday, 2 August, 2019 at 6:27 AM

অ+ অ- অ

জান্নাতুল মাওয়ার মুখে ছিল অনাবিল হাসি। বৃহস্পতিবার সে বুঝে পেয়েছে স্থায়ী ঠিকানা। ধুলিমাখা পথে পথে ঘোরা ইজিবাইক কন্যার যেন শাপমুক্তি হতে চলেছে। দীর্ঘদিনের নিজের বাড়ির স্বপ্ন বাস্তবায়িত হতে চলেছে সরকারের গৃহীত 'জমি আছে ঘর নাই' প্রকল্প আর যশোর জেলা প্রশাসনের আন্তরিকতায়। যশোর সদর উপজেলার আরবপুর ইউনিয়নের ম-লগাতি মৌজার ১ নং খতিয়ানের ৭১২ নং দাগে পাঁচ শতক জমি বৃহস্পতিবার সরকারি সার্ভেয়ার দিয়ে মেপে জান্নাতুল আর তার বাবাকে বুঝিয়ে দিয়েছেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান। এখন এই জমির ওপর উঠবে জান্নাতুলের স্বপ্নের ঘর।

কপালের ফেরে ইজিবাইকে শুধু শৈশবই নয় বাধা পড়েছিল জীবনও। জীবন জীবিকার তাগিদে কাকডাকা ভোর থেকে শুরু করে গভীর রাত অবধি ইজিবাইক চালানো বাবার সাথে পথে পথে

ww.gramerkagoj.com/2019/08/02/139917.php?fbclid=IwAR2Q06tv0QzC4lgvyX9xBgiULH0vmEnBwSEfEi6gO72LmVC178Iws18aoGw

আটকানো। দিন আনা দিন খাওয়া পরিবারের মাথা গোজার ঠাঁইও ছিল না। জীবনের প্রয়োজনে ইজিবাইক চালানো শুরু করলে যশোর শহরের নাজির শংকরপুর চাতাল মোড় এলাকার শামীম হোসেনের একটি ইজিবাইক চার্জের দোকানেই বাধা পড়েছিল বাবা মেয়ের কষ্টের জীবন। নিরাপত্তা আর দেখভালের লোকের অভাবে ছোট ফুটফুটে মেয়ে জান্নাতুল মাওয়াকে ইজিবাইকে চড়িয়েই ভাড়া খাটতে বের হতেন চালক মুরাদুর রহমান মুন্না। ভোর বেলায় বাবা মুন্না যখন তার মেয়ে জান্নাতুল মাওয়াকে ঘুম থেকে উঠিয়ে গোছগাছ করাতেন যে

কেউ দেখলে ভাবতেন যেন মেয়েকে স্কুলে পাঠানোর জন্যে ব্যস্ততা! অথচ নির্মম নিয়তির কারণে ইজিবাইকে চলতি পথে দেখা ছাড়া স্কুলের চৌকাঠ মাড়ানোর সৌভাগ্য হয়নি তার। ধুলো ধূসরিত পথে বাবার ইজিবাইকে কেটেছে সাড়ে তিন বছর। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে গণমাধ্যমে জান্নাতুল মাওয়ার করুণ কাহিনী প্রকাশিত হলে যশোরের তৎকালীন জেলা প্রশাসক আব্দুল আওয়াল ইজিবাইক চালক মুরাদুর রহমান মুন্না ও শিশু জান্নাতুল মাওয়াকে তার কার্যালয়ে ডেকে আনেন। পথে পথে ঘুরে তখন জান্নাতুল সর্দি জ্বরে আক্রান্ত। জেলা প্রশাসক চিকিৎসার ব্যবস্থা করাসহ সেইদিন থেকে শিশুটির দায়িত্বভার গ্রহণ করেন। শিক্ষা উপকরণের সাথে তার হাতে তুলে দেন চকলেট আর খেলনা। জান্নাতুলের কাছে জানতে চাওয়া হয়েছিল আর কিছু চাওয়ার আছে কিনা। সে সময় জেলা প্রশাসকের কাছে জান্নাতুল নিজের একটি বাড়ির আবদার করে। ততক্ষণাৎ জেলা প্রশাসক আব্দুল আওয়াল জান্নাতুলকে একটি বাড়ি বানিয়ে দেয়ার কথা দেন। পরবর্তীতে চলতি বছরের ২ মে যশোর জিলা স্কুল অডিটরিয়ামে জেলা প্রশাসনের আয়োজনে টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বিষয়ক কর্মশালা এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী, দুঃস্থ ও অসহায়দের মধ্যে অনুদান প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী জান্নাতুল মাওয়ার হাতে তুলে দেন যশোর সদর উপজেলার আরবপুর ইউনিয়নের মন্ডলগাতি মৌজায় সাড়ে পাঁচ

একটি রেপ্লিকা। সেই সাথে জমির ওপর জেলা প্রশাসনের আর্থিক সহযোগিতায় বাড়ি নির্মাণ করে দেয়ার আশ্বাস। সেই প্রতিশ্রুতিই বাস্তবায়নে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হাসান বৃহস্পতিবার জান্নাতুলের জমি বুঝিয়ে দিয়েছেন। অচিরেই শুরু হবে ঘর তৈরির কাজ।

খুশির উজ্জ্বল আভা চোখমুখে প্রতিফলিত হচ্ছিল জান্নাতুলের। কেমন লাগছে জানতে চাইলে শিশুতোষ উচ্চারণে সে জানায়, 'ডিসি কাকু অনেক ভালো। তার ঘর বানিয়ে দিচ্ছেন ডিসি কাকু।' আর কিছু জানতে চাওয়ার আগে শৈশবের চপলতায় দে ছুট। স্বপ্ন পূরণের পথে তাকে আর কে আটকাবে এখন! তার খুশিতে উদ্বেলিত হয়েছিল কর্মযজ্ঞ দেখতে আসা ম-লগাতি গ্রামের আগত জনতাও।

যশোর সদর সহকারি কমিশনার ভূমি'র সরকারি রাজস্ব আদায়ে অভিযান

পোস্ট করেছেন: নিউজ ডেস্ক | প্রকাশিত হয়েছে: ০৭/২১/২০১৯ , ৭.৪১ অপরাহ্ন | বিভাগ: খুলনা বিভাগ

103
Shares

হাবিবুর রহমান হবি, বিশেষ প্রতিনিধি, যশোর : যশোরে তেতুলিয়া হাটের সরকারী ১ খতিয়ানের পেরিভুক্ত জমিতে দীর্ঘদিন যাবত লীজ নবায়ন না করায় রোববার সৈয়দ জাকির হাসান (সহকারী কমিশনার ভূমি) উক্ত বাজারে যেয়ে দোকান উচ্ছেদের নোটিশ জারি করলে অবৈধ দখলদারগণ লীজ নবায়ন করতে রাজি হন। এসময় মোট ১০৪ জন লীজ নবায়নের জন্য আবেদন করেন। ইজারাদার এবং লীজ নবায়নকারীদের মধ্যে ভুল বোঝাবুঝির অবসান হলে সদর এসি ল্যান্ড সৈয়দ জাকির হাসান সকলের উপস্থিতিতে ১০৪ জনের নিকট

channelgbangla.com/2019/07/21/যশোর-সদর-সহকারি-কমিশনার-ভ/?fbclid=IwAR3v1o4EdyKNLzrNRfEoDU3UKQH9bHkvS2jTI

থেকে বাংলা ১৪২৬ সনের সরকারী রাজস্ব আদায়ের মূল্য ধার্য করেন ৩,২১,০০০/- টাকা। লীজ নবায়নকারীগণ এতে সম্মতি জ্ঞাপন করেন।

Comments

0 comments

0 Comments

Sort by Oldest

Add a comment...

Facebook Comments Plugin

যশোরের সেই আদিবাসী ১১ পরিবার বুঝে পেল সরকারি জমি

প্রকাশ আগস্ট ২৬, ২০১৯

SLIDER দক্ষিণ পশ্চিমাঞ্চল যশোর

প্রণব দাস : নিজের নামে একখণ্ড জমি! যা কখনও স্বপ্নেও দেখেননি আদিবাসী ভূমিহীন নীলশ্রমিকের বংশধরেরা; তাই হলো সত্যি। স্বামীহারা সত্তরোর্ধ্ব চলৎশক্তিহীন হতদরিদ্র সিতু রাণী সরদার তার ছেলে দিনমজুর শান্ত সরদারের হাত ধরে নিশ্চল হয়ে দাঁড়িয়ে আছেন নিজের জমিতে। আর ভাসমান হয়ে পরের জায়গায় থাকতে হবে না তাকে। মা ও ছেলে বুঝে পেয়েছেন সরকারের বন্দোবস্ত দেয়া খাসজমি। এবার হবে নিজেদের মাথা গোজার ঠাঁই। মুখে কোনো কথা নেই। নির্বাক মা-ছেলের চোখে আনন্দাশ্রু।

সিতু রাণীর মতো এমন আনন্দাশ্রু দিন আনা দিন খাওয়া প্রভাস সরদার ও তার স্ত্রী মুনিলা সরদার, ছেলে দূরদেশ, আকাশ, স্বামীহারা অঞ্জলি সরদারের মেয়ে সোমা সরদার, স্বামীহারা শুটকি রাণী সরদার ও তার ছেলে দিপক, রবিন সরদার ও তার স্ত্রী মালতি সরদার, স্বামীহারা মহারাণী সরদার ও তার ছেলে উত্তম সরদার বাদশা, স্বামীহারা সীমা সরদার গেবলে ও ছেলে লিপন সরদার, তরণী সরদার ও তার স্ত্রী শেফালী সরদার, ছেলে চাঁন সওদাগর ও শীতল সরদার, স্বামীহারা সুখসা রাণী ও তার ছেলে পঙ্কজ সরদার, স্বামীহারা মমতা রাণী ও তার ছেলে রামপ্রসাদ, সাগর এবং দিলীপ সরদার ও তার স্ত্রী অনিতা সরদারের ছেলে অসিম সরদার, কালাচাঁদ সরদার সকলের চোখে-মুখে। নিজের চোখকেই যেন তারা বিশ্বাস করতে পারছেন না! নিজেদের নামে রেজিস্ট্রি করা জমিতে দাঁড়িয়ে আছেন তারা। যেখানে দিন আনতে পান্তা ফুরোয় দশা, তাদের আবার জমি!

পেয়েছেন সরকারের বন্দোবস্ত দেয়া খাসজমি।



www.protidinerkatha.com.bd

প্রতিদিনের কথা

সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হোসেন সোমবার সকালে যশোর সদর উপজেলার নরেন্দ্রপুর ইউনিয়নের সাহাবাটি মৌজার আরএস খতিয়ান নম্বর ১ এবং আরএস দাগ নম্বর ২৪৮ ও ২৫০ এর ৩৪ শতক জমি পরিমাপ করে বুঝিয়ে দেন তাদের। যশোরের তৎকালিন জেলা প্রশাসক মো. আব্দুল আওয়ালের নির্দেশনায় নীলশ্রমিক বংশধরের ভূমিহীন হতদরিদ্র এ ১১ পরিবার পেল জমির মালিকানা; পেল স্থায়ী ঠিকানা।

ভূমিহীন থেকে জমির মালিক হওয়া রবিন সরদার আবেগে আপ্লুত হয়ে বলেন, স্যার (তৎকালিন যশোরের জেলা প্রশাসক মো. আব্দুল আওয়াল) খুব ভালো মানুষ। তিনি আমাদের ভাসমান জীবন থেকে মুক্তি দিয়েছেন। স্থায়ী ঠিকানা দিয়েছেন। যতদিন বেঁচে থাকব ততদিন তাকে আমরা মনে রাখব। অভিন্নভাষায় অন্য সকলেই একই অভিব্যক্তি প্রকাশ করেন।

মো. আব্দুল আওয়ালের নির্দেশনায় প্রথম থেকেই এ কাজের সাথে জড়িয়ে থাকা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দ জাকির হোসেন বলেন, সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্পের আওতায় অনগ্রসর শ্রেণির জীবনমান উন্নয়নে কার্যকর পদক্ষেপের অংশ হিসেবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর এ মানুষেরা এ সুবিধার আওতায় এসেছে।

উল্লেখ্য, যশোর জিলা স্কুল অডিটোরিয়ামে ২০১৯ সালের ২ মে অনুষ্ঠিত হয় 'টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বিষয়ক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মাঝে খাসজমির দলিল হস্তান্তর এবং দুস্থ ও অসহায়দের আর্থিক সহায়তার চেক প্রদান' অনুষ্ঠান। সেই অনুষ্ঠানে বংশপরম্পরায় খেটে খাওয়া সংগ্রামী এসব মানুষের ১১টি পরিবারের হাতে ১১টি দলিলের মাধ্যমে ৩৪ শতক রেজিস্ট্রি করা জমির দলিল তুলে দেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। সেদিনের সেই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তৎকালিন জেলা প্রশাসক মো. আব্দুল আওয়াল।

প্রসঙ্গত, ২০১৮ সালের ২৪ অক্টোবর দৈনিক প্রতিদিনের কথায় প্রকাশিত হয় 'মানুষের মর্যাদায় বাঁচতে চায় নীলশ্রমিকদের বংশধরেরা' শীর্ষক হতদশায় নিপতিত ওইসব মানুষের কথা।

জেপ্রকায-নেজারত শাখা-০৫,৪৪,৪১০০,০০৭,০২,০২৭,১৫, তাং-০১-০৬-২০১৫-১০০ বই।

সরেজমিনে ২ নভেম্বর পাশে গিয়ে দাঁড়ান জেলা প্রশাসক মো. আব্দুল আওয়াল। সেদিন তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন তাদের জীবনমান উন্নয়নের। সেই প্রতিশ্রুতির আলোকে এ খাসজমি বন্দোবস্তের আওতায় এলেন এ ১১ পরিবার।

Copyright 2018 © All Rights Reserved by প্রতিদিনের কথা, Developed by EvertechIT

যশোরের মডেল সদর উপজেলা : ই-নামজারি চালু হওয়ায় বদলে গেছে ভূমি অফিস

১৯ মাসে আবেদন ১৯,৮১৮ : নিষ্পত্তি ১৮,২৯১ : ২৮ কর্মদিবসে সেবা নিশ্চিত

প্রকাশ **সেপ্টেম্বর ১৬, ২০১৯**

SLIDER দক্ষিণ পশ্চিমাঞ্চল যশোর

ইন্দ্রজিৎ রায় : যশোর সদর উপজেলার ভেকুটিয়া গ্রামের সফিয়ার রহমান। ছয় বছর আগে ৩১ শতক জমি কিনেছিলেন। সেই জমির নামপত্তন ছিল না। আরবপুর ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রে গিয়ে তিনি জানতে পারেন অনলাইনে নামপত্তনের আবেদন করা যায়। নির্ধারিত ফি জমা দিয়ে অনলাইনে আবেদন করেন তিনি। এরপর চারধাপে মোবাইল ফোনে ম্যাসেজের (এসএমএস) মাধ্যমে জানতে পারেন কাজের অগ্রগতি। সর্বশেষ এসএমএস পেয়ে উপজেলা ভূমি অফিস থেকে গ্রহণ করেন নামপত্তনের কাগজ। সরকার নির্ধারিত ফি'র বাইরে একটি টাকাও দিতে হয়নি। ঘুষ, দুর্নীতি ও দালালের হয়রানি ছাড়াই ২৮ কর্মদিবসের মধ্যেই কাজ সম্পন্ন হওয়ায় খুশি সফিয়ার রহমান। তার মতো আরেকজন সেবাগ্রহিতা সদর উপজেলার দুর্গাপুর গ্রামের কামাল হোসেন। ক্রয়সূত্রে ১৪ শতক জমির মালিক। নামপত্তনের জন্য স্থানীয় ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রে গিয়ে আবেদন করেন। তিনিও ভোগান্তি ছাড়াই সহজেই সেবা পেয়েছেন। শুধু সফিয়ার রহমান কিংবা কামাল হোসেন নয়, ১৯ মাসে যশোর সদর উপজেলায় অনলাইনে নামজারির সেবা পেয়েছেন ১৮ হাজার ২৯১ জন। ডিজিটাল ভূমি ব্যবস্থাপনায় বিপ্লব এনেছে ই-নামজারি পদ্ধতি। জেলার মডেল সদর উপজেলার ই-নামজারি কার্যক্রম সফল হওয়ায় চলতি বছরের জুলাই মাসে বাকি সাত উপজেলায় চালু করা হয়েছে।

ps://www.protidinerkatha.com.bd/19098/?fbclid=IwAR0n0FHMpr6QPiGyPWRYgwwTYqa7arG8m93kq4z1T6qJs3FGeRHYtcLRoy0#

উপজেলায় ই-নামজারির আবেদন জমা পড়েছে ১৯ হাজার ৮১৮টি। এরমধ্যে নিষ্পত্তি হয়েছে ১৮ হাজার ২৯১টি আবেদন। ২০১৭ সালের নভেম্বর থেকে ২০১৮ সালের জুন মাস পর্যন্ত আবেদন পড়েছিল ৮ হাজার ৫৭২টি। এরমধ্যে নিষ্পত্তি হয়েছে ৭ হাজার ৮০৩টি। ২০১৮ সালের জুলাই মাস থেকে ২০১৯ সালের জুন পর্যন্ত ১১ হাজার ২৪৬টি আবেদন জমা পড়ে। নিষ্পত্তি হয়েছে ১০ হাজার ৪৮৮টি আবেদন। অর্থাৎ প্রত্যেক মাসে গড়ে এক হাজারের বেশি আবেদন পড়েছে। অনলাইনে আবেদন নেয়ায় মানুষের ভোগান্তির লাঘব হয়েছে।

জানা যায়, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক পরিচালিত ই-মিউটেশন (নামপত্তন) সেবা চালু করা হয়। ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রে গিয়ে নির্ধারিত দুইশ টাকা দিয়ে অনলাইনে আবেদন করতে হয়। এরপর সেই অনলাইন আবেদন ও নথিপত্র চলে যায় ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদনের জন্য। ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদন হয়ে সহকারী কমিশনারের (ভূমি) কাছে চলে যায় শুনানির জন্য। শুনানি শেষে সরকার নির্ধারিত এক হাজার ১৫০ টাকা ব্যাংকে জমা দিতে হয়। প্রত্যেকটি ধাপেই সেবাগ্রহিতাকে টেলিটকের ১৬৩৪৫ নম্বর থেকে এসএমএস দেয়া হয়। শেষ ধাপে ই-নামজারির তথ্য নিশ্চিত করা হয়। সর্বোচ্চ ২৮ কার্যদিবসের মধ্যেই আবেদন নিষ্পত্তি হয়। এসএমএস পেয়ে আবেদনকারী উপজেলা ভূমি অফিস থেকে নামপত্তনের কাগজ সংগ্রহ করতে পারেন। এতে আগের মতো ঘাটে ঘাটে ঘুষ, দুর্নীতি ও দালালের দৌরাত্ম্য বন্ধ হয়েছে।

উপকারভোগী শহরতলীর শেখহাটি এলাকার রুহুল আমিন বলেন, সাড়ে তিন কাঠা জমি কিনেছি। জমির নামপত্তনের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে আবেদন করেছিলাম। নির্ধারিত ফি'র বাইরে কোনো টাকা দিতে হয়নি। মোবাইলে এসএমএস'র মাধ্যমেই কাজের অগ্রগতি জেনেছি। দ্রুত কাজ হওয়ায় ভোগান্তি কমেছে। ডিজিটাল পদ্ধতিতে নামজারি হওয়ায় দুর্নীতি কমেছে।

ভেকুটিয়া গ্রামের বদর উদ্দিন বলেন, বর্তমান এসিল্যান্ড জাকির হাসান স্যারের চেষ্টায় দুর্নীতিমুক্ত হয়েছে ভূমি অফিস। ভোগান্তি ছাড়াই সহজে মিলছে সেবা। আরবপুর ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রের উদ্যোক্তা এসএম আরিফুজ্জামান বলেন, গ্রামে বসে ডিজিটাল সেন্টার থেকে ভূমি সেবা পাচ্ছেন সাধারণ নাগরিক। ভূমি অফিসে গেলে অচেনা লোকের কাছে সেবা নিতে হয়রানি হতে হতো। আমরা গ্রামবাসীর পরিচিতজন। আমাদের সেবামূল্য নির্ধারিত। সে কারণে বাড়তি টাকা গচ্চা দিতে হয় না। প্রতিটি অনলাইন আবেদন দ্রুততম সময়ের মধ্যে দাখিল করে দেয়া হয়Ñ যে কারণে তাদের অর্থের সাথে সময়ও বেঁচে যাচ্ছে।

নওয়াপাড়া ইউনিয়ন ডিজিটাল তথ্যসেবা কেন্দ্রের উদ্যোক্তা সেলিম রেজা জানান, ই-নামজারি চালু হওয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। সদর উপজেলা ভূমি অফিসের ভূমি-বিষয়ক ই-সার্ভিস সেন্টারের উদ্যোক্তা আমিন মাহমুদ বাবু বলেন, আগে সেবা নিতে আসা মানুষ দালালের খপ্পরে পড়ত। এখন সেই সুযোগ নেই। সেবাগ্রহিতার ভোগান্তি কমেছে। অর্থ ও সময়ও সাশ্রয় হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শফিকুল ইসলাম বলেন, ই-নামজারি চালু করায় হাতের নাগালে ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্র থেকে সহজেই সাধারণ মানুষ আবেদন করছে। ভোগান্তি ছাড়াই পাচ্ছে সেবা। এতে দুর্নীতিমুক্ত হয়েছে ভূমি অফিস। সদর উপজেলায় এই কার্যক্রম সফল হওয়ায় জেলার অন্য উপজেলাগুলোতেও চালু করা হয়েছে। সাধারণ মানুষের ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।



চোরাই মাল রাখার অভিযোগে গতকাল যশোর সদরের চাঁদপাড়ার
তে অভিযান চালিয়ে অভিযুক্তকে দন্ডিত করে ভ্রাম্যমাণ আদালত

যশোরে বাড়িতে চোরাই
রাখায় ভ্রাম্যমাণ আ
একজনের দন্ডা

কল্যাণ রিপোর্ট : য
উপজেলা চাঁদপাড়ায়
আদালত অভিযান চা
হোসেন রেন্টুর বাড়ি থে
মালামাল জব্দ করেছে
তাকে ৫০ হাজার টাকা
১৫ দিনের কারাদন্ড অনা
তিন মাসের দন্ডাদেশ দি
যশোরের নির্বাহী ম্যাজি
জাকির হোসেন তাকে এ
দেন। *(৩য় পাতায় ৪-এ*

চাঁদপাড়া গ্রামের আজিজ মোল্যার ছেলে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট সৈয়দ জাকির হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে সুমনের বাড়িতে চোরায় মালামাল রয়েছে সংবাদ পেয়ে তার বাড়িতে অভিযান চালানো হয়। এসময় নতুন টায়ার, ইজিবাইক ও অটো রিকসার ব্যাটারী ও মবিল জব্দ করা হয়। এসময় তাকে আটক করে ৫০ হাজার টাকা জরিমানা ১৫ দিনের জেল অনাদায়ে আরও তিন মাসের জেল দেয়া হয়েছে।

অভিযান চলাকালীন সময় উপস্থিত ছিলেন, ফতেপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম, চাঁদপাড়া ফাঁড়ির ইনচার্জ এসআই মিলন কুমার মন্ডল,

যশোরের চাঁদপাড়া থেকে চোরাই মালামাল উদ্ধার

প্রজন্ম রিপোর্ট

যশোর সদর উপজেলা চাঁদপাড়ায় ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে সুমন হোসেন রেন্টুর বাড়ি থেকে চোরাই মালামাল জব্দ করেছে। আদালত তাকে ৫০ হাজার টাকা জরিমানা ও ১৫ দিনের কারাদাণ্ড অনাদায়ে আরো তিন মাসের দণ্ডাদেশ দিয়েছে। যশোরের নির্বাহী ম্যাজিস্ট্রেট সৈয়দ জাকির হোসেন তাকে এ দণ্ডাদেশ দেন। দণ্ডিত সুমন হোসেন যশোর সদর উপজেলার ফতেপুর ইউনিয়নের চাঁদপাড়া গ্রামের আজিজ মোল্যার ছেলে।

নির্বাহী (২ পৃ: ৭-এর ক: দেখুন)

রাখেন, জেলা যুবমহিলা লীগের সাংগঠনিক সম্পাদক ও রামনগর ইউপি চেয়ারম্যান নাজনীন নাহার, অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, ইউনিয়ন আ'লীগের সহ-সভাপতি নেছার আলী। অন্যান্যের মধ্যে

পুর, মাহফুজুর রহমা সোমবার (২৮ অক্টোবর) ইউনুচ আলী কাছ থে দায়িত্ব বুঝে নেন। মাহফুজু মিয়া সাতক্ষীরা জেল কালীগঞ্জে বদলী হয়ে আ আগে তিনি (২ পৃ: ৭-এর

যশোর সদর উপজেলা চাঁদপাড়ায় ভ্রাম্যমাণ আদালত অভিযান চালি হোসেন রেন্টুর বাড়ি থেকে চোরাই মালামাল জব্দ করে -প্রজন্মের

শোরের চাঁদপাড়া থে

সৈয়দ জাকির হোসেন জানান, গোপন সংবাদের ভি
ারায় মালামাল রয়েছে সংবাদ পেয়ে তার বাড়িতে অভি
য় নতুন টায়ার, ইজিবাইক ও অটো রিকসার ব্যাটারী
এসময় তাকে আটক করে ৫০ হাজার টাকা জরিমান
দায়ে আরও তিন মাসের জেল দেয়া হয়েছে।
চলাকালীন সময় উপস্থিত ছিলেন, ফতেপুর ইউনিয়
ন রবিউল ইসলাম, চাঁদপাড়া ফাঁড়ির ইনচার্জ এসআই
এসআই গোলাম নবীসহ ফতেপুর ইউনিয়নের বিভিন্ন ও
।

প্রতিদিনের কথা
সংবাদ সৃষ্টি করি না; পরিবেশন করি
৩য় বর্ষ । সংখ্যা ০৭ । ২১ জুলাই ২০১৯ । ০৬ শ্রাবণ ১৪২৬ । ১৭ জিলক্বদ ১৪৪০ । রেজি : নং- কেএন ৫৬৫ । পৃষ্ঠা ০৪ । মূল্য ৩ টাকা

যশোরে ফরমালিনযুক্ত মাছ জব্দ ও পলিথিন ধ্বংস

ফিসফিড বিক্রেতাকে জরিমানা

■ নিজস্ব প্রতিবেদক

যশোর মাছবাজারে অভিযান চালিয়ে শনিবার বিপুল পরিমাণ ফরমালিন-যুক্ত মাছ ও নিষিদ্ধ আফ্রিকান মাগুর জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। বিকেলে ওই মাছ ধ্বংস করা হয়। একইদিন ভ্রাম্যমাণ আদালত বড়বাজার গোহাটা এলাকার রামনাথ স্টোর থেকে জব্দকৃত প্রায় একমণ পলিথিন ধ্বংস করে।

মৎস্য সপ্তাহ উপলক্ষে দিনভর চালানো ভ্রাম্যমাণ আদালতের এদিনের অভিযানে শহরের শংকরপুর বটতলার খাঁন পোল্ট্রি অ্যান্ড ফিসফিড ও মুজিব সড়কের মেসার্স খন্দকার ট্রেডার্সকে লাইসেন্সবিহীন মাছের খাদ্য বেচাকেনার অপরাধে ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক যশোর সদরের সহকারী কমিশনার

>> ৩য় পৃষ্ঠা ৭ কলাম

ভ্রাম্যমাণ আদালত শনিবার যশোর মাছবাজারে অভিযান চালিয়ে ফরমালিন-যুক্ত মাছ জব্দ করে -প্রতিদিনের কথা

যশোরে ফরমালিনযুক্ত মাছ

(ভূমি) সৈয়দ জাকির হাসান জানান, মৎস্য ও পশুখাদ্য আইন ২০১০ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী এসব ব্যবসায়ী ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে দণ্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে জেলা মৎস্য দপ্তরের সহকারী পরিচালক এসএম আশিকুর রহমান ও সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা বিশ্বজিৎ কুমার দেব উপস্থিত ছিলেন।

জেপ্রকায-নেজারত শাখা-০৫,৪৪,৪১০০,০০৭,০২,০২৭,১৫, তাং-০১-০৬-২০১৫-১০০ বই।